

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-শিম/শা:১৮/বা:কৃ:বি:-১/২০০৬(অংশ-২)/৩২৩


তারিখ: ০১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
১৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এনাটমি এণ্ড হিস্টোলজি বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ রবিউল করিম এর জাপানের Osaka Prefecture University-তে পোস্ট ডক্টরাল গবেষণা কর্ম সম্পন্নের জন্য এবং সুপার ভাইজার কর্তৃক মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত গবেষণার সময় বর্ধিতকরণের সুপারিশের প্রেক্ষিতে তাঁকে ০৪/১০/২০১৭ হতে ২৯/৩/২০১৮ তারিখ পর্যন্ত ০৫ মাস ২৬ দিনের পোস্ট ডক্টরাল ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে জাপান অবস্থানের অনুমতি প্রদান করতে সরকার সম্মত হয়েছেঃ

- (ক) এ অবস্থানে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশেষ থাকবে না;
- (খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিধি মোতাবেক তাঁর ছুটি মঞ্জুর করবে;
- (গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর সাথে প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে;
- (ঘ) ছুটি শেষ হওয়ার সাথে সাথে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবে;
- (ঙ) তাঁর অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে কোন বিঘ্ন সৃষ্টি হবে না, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে;
- (চ) বিশ্ববিদ্যালয় হতে তাঁর ছুটির সুপারিশ করায় সব দায়দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের উপর বর্তাবে;
- (ছ) উক্ত ছুটি সিভিকিট কর্তৃক অনুমোদিত হওয়ার পর অনুমোদনের কপি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(হাবিবুর রহমান)  
উপসচিব  
ফোন : ৯৫৭১৮৭৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেশুনবাগিচা, ঢাকা।
- ৩। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ড. মোহাম্মদ রবিউল করিম, প্রফেসর, এনাটমি এণ্ড হিস্টোলজি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।
- ৭। রেজিষ্টার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৮। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(এ আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)